



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

অতীব জরুরী



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৮. ২০২০-৩৯৬

তারিখঃ

২৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ত্রাণ বিতরণে অনিয়মের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

বাংলাদেশে করোনা ভাইরাসের কারণে শহর ও গ্রামে বিপুল সংখ্যক মানুষের আয়-রোজগারের পথ বন্ধ হয়ে পড়েছে। উদ্ধৃত পরিস্থিতিতে সকল ক্ষতিগ্রস্ত মানুষের খাদ্য সহায়তা হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজস্ব অর্থায়নে ত্রাণ কার্যক্রম যেমন-চাল, নগদ অর্থ, শিশু খাদ্য ও অন্যান্য সামগ্রী বিতরণ করছে। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা/অনুশাসনের আলোকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি এবং কর্মকর্তা/কর্মচারীগণ তৃণমূল পর্যায়ে ত্রাণ সামগ্রী বিতরণ কাজে সরাসরি সম্পৃক্ত হয়েছেন। কিন্তু বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম এবং পত্র-পত্রিকার মাধ্যমে জানা যায় যে, কোথাও কোথাও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণ ত্রাণ বিতরণে অনিয়ম/দুর্নীতিতে জড়িয়ে পড়েছেন।

এরূপ অনিয়ম/দুর্নীতিতে জড়িত জনপ্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণকে সাময়িক বরখাস্তকরণ, তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজুসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনিয়ম/দুর্নীতির বিষয়ে সুনির্দিষ্ট তথ্য-প্রমাণসহ প্রতিবেদন তাৎক্ষণিকভাবে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২১/০৪/২০২০
(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক,
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জেলা।
- ৪। মেয়র, পৌরসভা।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা-....., জেলা.....।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ/ বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ----- সিটি কর্পোরেশন।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----- উপজেলা, ----- জেলা।
- ৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।